দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




*প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রামে অতিথিবৃন্দ, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ*

# প্রিমিয়ার ভার্সিটির ইংরেজি বিভাগে ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রাম

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের স্প্রিং সেমিস্টারের ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। বিভাগের ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা এবং ৪৮তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোসেন সিকদার এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীত উল আলম। সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান সৈয়দ জসীম উদ্দীন।

প্রধান অতিথি বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগ বলতে গেলে দেশের প্রথম অ্যাক্রেডিটেশন পাওয়া ইংরেজি বিভাগ, যা আমাদের জন্য এক অনন্য গৌরব। এখানে মানসম্মত মূল একাডেমিক কার্যক্রমের পাশাপাশি শিক্ষার্থীদের সার্বিক বিকাশে সহশিক্ষা কার্যক্রম সমান গুরুত্ব দিয়ে পরিচালনা করা হচ্ছে। তিনি আরও বলেন, শিক্ষাজীবনে কেবল ভালো ফলাফলে সীমাবদ্ধ থাকলে চলবে না; নৈতিকতা, নেতৃত্ব ও মানবিক মূল্যবোধে বলীয়ান হয়ে দক্ষ বৈশ্বিক নাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে। বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত জ্ঞান ও আত্মবিশ্বাসকে কাজে লাগিয়ে আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবিলা করে শিক্ষার্থীদের দেশ ও জাতির মুখ উজ্জ্বল করতে হবে।'বিশেষ অতিথির বক্তব্যে অধ্যাপক ড. জাহেদ হোসেন সিকদার বলেন, বিদায়ী শিক্ষার্থীরা তাদের ভবিষ্যৎ সফল কর্মজীবনে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মাধ্যমে সক্রিয় থেকে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও অগ্রগতিতে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করতে পারে। ডিন অধ্যাপক ড.মোহীত উল আলম বলেন, বর্তমান তথ্যপ্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) যুগেও ইংরেজি ভাষা ও সাহিত্যের গুরুত্ব ও প্রাসঙ্গিকতা অপরিসীম। তিনি শিক্ষার্থীদের গতানুগতিকতার বাইরে গিয়ে স্বাধীন চিন্তা প্রকাশ এবং সেই চিন্তাশীলতা দিয়ে নিজের জীবন ও ভবিষ্যৎ পরিচালনার আহ্বান জানান। সভাপতির বক্তব্যে সৈয়দ জসীম উদ্দীন নবাগত শিক্ষার্থীদের সামনে বিদায়ী ব্যাচের অনন্য অবদান তুলে ধরেন। তিনি বিদায়ী ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি খেলাধুলা, সাম্প্রতিক বন্যায় ত্রাণ তৎপরতাসহ বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রমে অংশগ্রহণের ভূয়সী প্রশংসা করেন এবং নবীনদের এসব অনুকরণীয় দৃষ্টান্ত অনুসরণের পরামর্শ দেন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ৪১তম ব্যাচের শিক্ষার্থী ইরফান মালিক। ৪১ ও ৪২তম ব্যাচের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ আয়োজনে ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের অষ্টম সেমিস্টারের শিক্ষার্থীদের উদ্যোগে প্রকাশিত শিক্ষার্থী স্মরণিকা 'ব্রিকোলাজ'এর মোড়ক উন্মোচন করা হয়। স্মরণিকাটির সম্পাদক ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক রফিকুল ইসলাম। দিনব্যাপী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী, সহযোগী অধ্যাপক সাদাত জামান খান, ড. আবদুর রহিম, অধ্যাপক গাজী শাহাদাত হোসেন, অধ্যাপক সুমিত চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 08 September 2026, Page: 7, Col: 7
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-09-8

চট্টগ্রাম মঙ্গলবার ৮ সেপ্টেম্বর ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৪১তম বর্ষ ১৯৩তম সংখ্যা ।। ২৪ ভদ্র ১৪৩৩ বঙ্গাব্দ ।। ২৫ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি ।। Tuesday 8 September 2026 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রামে অতিথিবৃন্দ, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ*

# প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রাম

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের স্প্রিং ২০২৬ সেমিস্টারের ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বিভাগের ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা এবং ৪৮তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়।

ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান সৈয়দ জসীম উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির। তিনি বলেন, "শিক্ষাজীবনে কেবল ভালো ফলাফলে সীমাবদ্ধ থাকলে চলবে না; নৈতিকতা, নেতৃত্ব ও মানবিক মূল্যবোধে বলীয়ান হয়ে দক্ষ বৈশ্বিক নাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে। বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত জ্ঞান ও আত্মবিশ্বাসকে কাজে লাগিয়ে আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবিলা করে শিক্ষার্থীদের দেশ ও জাতির মুখ উজ্জ্বল করতে হবে।" বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোসেন সিকদার এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীত উল আলম।

৪১ ও ৪২তম ব্যাচের যৌথ আয়োজনে এ আয়োজনে শিক্ষার্থী ইরফান মালিকের সঞ্চালনায় অষ্টম সেমিস্টারের শিক্ষার্থীদের স্মরণিকা 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন করা হয়। সহযোগী অধ্যাপক রফিকুল ইসলাম এর সম্পাদক ছিলেন। উপস্থিত ছিলেন প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী, সহযোগী অধ্যাপক সাদাত জামান খান, ড. আবদুর রহিম, সহযোগী অধ্যাপক গাজী শাহাদাত হোসেন, সহকারী অধ্যাপক সুমিত চৌধুরীসহ বিভাগের সকল শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 08 September 2026, Page: 3, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-09-08

মঙ্গলবার
চট্টগ্রাম

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com

টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার




প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রাম

# প্রিমিয়ার ভার্সিটির ইংরেজি বিভাগে ফেয়ারওয়েল

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের স্প্রিং ২০২৬ সেমিস্টারের ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বিভাগের ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা এবং ৪৮তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোসেন সিকদার এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীত উল আলম। সভাপতিত্ব করেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান সৈয়দ জসীম উদ্দীন।

সভাপতির বক্তব্যে ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান সৈয়দ জসীম উদ্দীন নবাগত শিক্ষার্থীদের সামনে বিদায়ী ব্যাচের অনন্য অবদান তুলে ধরেন। তিনি বিদায়ী ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি খেলাধুলা, সাম্প্রতিক বন্যায় ত্রাণ তৎপরতাসহ বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রমে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের প্রশংসা করেন এবং নবীনদের এসব অনুকরণীয় দৃষ্টান্ত অনুসরণের পরামর্শ দেন।

অনুষ্ঠানের আনুষ্ঠানিক পর্ব সঞ্চালনা করেন ৪১তম ব্যাচের শিক্ষার্থী ইরফান মালিক। ৪১ ও ৪২তম ব্যাচের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ আয়োজনে ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের অষ্টম সেমিস্টারের শিক্ষার্থীদের উদ্যোগে প্রকাশিত শিক্ষার্থী স্মরণিকা 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন করা হয়। স্মরণিকাটির সম্পাদক ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক রফিকুল ইসলাম।

সাংস্কৃতিক পর্বে একক সংগীত, দলীয় সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশিত হয়। এছাড়াও অতিথি শিল্পী হিসেবে 'ওয়ার্নিং' ব্যান্ডের সংগীত পরিবেশনা ছিল। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী, সহযোগী অধ্যাপক সাদাত জামান খান, ড. আবদুর রহিম, সহযোগী অধ্যাপক গাজী শাহাদাত হোসেন, সহকারী অধ্যাপক সুমিত চৌধুরীসহ বিভাগের সকল শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 08 September 2026, Page: 2, Col: 6
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-09-8

চট্টগ্রাম • মঙ্গলবার • ৮ সেপ্টেম্বর ২০২৬ • ২৪ ভাদ্র ১৪৩৩ • ২৫ রবিউল আউয়াল ১৪৪৮ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২৩ সংখ্যা ২২

সুপ্রভাত
সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH
suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ আগস্টে মূল্যস্ফীতি কমে ৮.২৬ শতাংশে
৫ মাদকের সাথে কোনো আপস নয় : হুমাম কাদের চৌধুরী
৬ লঙ্কার কাছে টানা সপ্তম পরাজয় জ্যোতিদের
জনবল সংকটে পূর্বাঞ্চলীয় রেল সংকট সমাধানের স্থায়ী পথ খোঁজা জরুরি
সম্পাদকীয় ► পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজিবিভাগে ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রামে অতিথিবৃন্দ, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ

# দক্ষ বৈশ্বিক নাগরিক হতে হবে : উপাচার্য

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের স্প্রিং সেমিস্টারের ফেয়ারওয়েল ও রিসেপশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে বিভাগের ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা এবং ৪৮তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোসেন সিকদার এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীতউল আলম।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান সৈয়দ জসীমউদ্দীন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, "প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগ বলতে গেলে দেশের প্রথম অ্যাক্রেডিটেশন পাওয়া ইংরেজি বিভাগ, যা আমাদের জন্য এক অনন্য গৌরব।

**প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ফেয়ারওয়েল রিসেপশন প্রোগ্রাম**

তিনি আরও বলেন, শিক্ষাজীবনে কেবল ভালো ফলাফলে সীমাবদ্ধ থাকলে চলবে না; নৈতিকতা, নেতৃত্ব ও মানবিক মূল্যবোধে বলীয়ান হয়ে দক্ষ বৈশ্বিক নাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে।

বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত জ্ঞান ও আত্মবিশ্বাসকে কাজে লাগিয়ে আগামীদিনের চ্যালেঞ্জ মোকাবিলা করে শিক্ষার্থীদের দেশ ও জাতির মুখ উজ্জ্বল করতে হবে।"

বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোসেন সিকদার বলেন, বিদায়ী শিক্ষার্থীরা তাদের ভবিষ্যৎ সফল কর্মজীবনে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মাধ্যমে সক্রিয় থেকে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও অগ্রগতিতে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করতে পারে। ডিন অধ্যাপক ড. মোহীতউল আলম বলেন, বর্তমান তথ্যপ্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)-এর যুগেও ইংরেজি ভাষা ও সাহিত্যের গুরুত্ব ও প্রাসঙ্গিকতা অপরিসীম। তিনি শিক্ষার্থীদের গতানুগতিকতার বাইরে গিয়ে স্বাধীন চিন্তা প্রকাশ এবং সেই চিন্তাশীল তা দিয়ে নিজের জীবন ও ভবিষ্যৎ পরিচালনার আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে ইংরেজিভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান সৈয়দ জসীমউদ্দীন নবাগত শিক্ষার্থীদের সামনে বিদায়ী ব্যাচের অনন্য অবদান তুলে ধরেন।

তিনি বিদায়ী ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি খেলাধুলা, সাম্প্রতিক বন্যায় ত্রাণ তৎপরতাসহ বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রমে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের প্রশংসা করেন। নবীনদের এসব অনুকরণীয় দৃষ্টান্ত অনুসরণের পরামর্শ দেন। অনুষ্ঠানের আনুষ্ঠানিক পর্ব সঞ্চালনা করেন ৪১তম ব্যাচের শিক্ষার্থী ইরফান মালিক।

৪১ ও ৪২তম ব্যাচের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ আয়োজনে ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের অষ্টম সেমিস্টারের শিক্ষার্থীদের উদ্যোগে প্রকাশিত শিক্ষার্থী স্মরণিকা 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন করা হয়। স্মরণিকাটির সম্পাদক ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক রফিকুল ইসলাম। অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে একক সংগীত, দলীয় সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশিত হয়। এছাড়াও অতিথি শিল্পী হিসেবে 'ওয়ার্নিং' ব্যান্ডের সংগীত পরিবেশনা ছিল। দিনব্যাপী আয়োজিত এ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী, সহযোগী অধ্যাপক সাদাত জামান খান, ড. আবদুর রহিম, সহযোগী অধ্যাপক গাজী শাহাদাত হোসেন, সহকারী অধ্যাপক সুমিত চৌধুরীসহ বিভাগের সকল শিক্ষক এবং বিপুলসংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 08 September 2026, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-09-8